"নেই পাশে কেউ যার
সমাজসেবা আছে তার"



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
ishwarganj.mymensingh.dss.gov.bd

নম্বর- ৪১.০১.৬১৩১.০০০.১৬.০০১.২৬. ১১৩

তারিখঃ ১৮ই শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৬ খ্রি.

**বিষয়: ২০২৬-২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতার সুবিধাভোগী বাছাইয়ের জন্য অনলাইনে আবেদন গ্রহণ।**

**সূত্র-১: সামাজিক নিরাপত্তা অধিশাখা মহোদয়ের স্মারক নং-৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪.৬৮৩ তারিখ: ৩০/০৭/২০২৬ খ্রি.**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানে সূত্রোস্থ পত্র মোতাবেক নির্দেশনা পাওয়া যায়।

০২। চলতি ২০২৬-২৭ অর্থবছরে ভাতা পেতে **০১/০৮/২০২৬ খ্রি. তারিখ হতে ১৫/০৮/২০২৬ খ্রি. তারিখ** পর্যন্ত সমাজসেবা অধিদপ্তরের ভাতা আবেদনের সফটওয়্যারের অনলাইন সার্ভার এ আবেদন দাখিল করতে হবে, নির্ধারিত সময়ে অনলাইনে আবেদন দাখিল করতে না পারলে পরবর্তীতে এই অর্থবছরে আর আবেদন করা যাবেনা।

০৩। আবেদন দাখিলের ক্ষেত্রে সাধারণ নির্দেশনাবলী:

ক) অনলাইনে আবেদন করার লিংক: https://dss.bhata.gov.bd/online-application

খ) **স্থায়ী ঠিকানা**: আবেদনকারীকে অবশ্যই তাঁর নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করতে হবে;

গ) মোবাইল ও ব্যাংক অ্যাকাউন্ট: আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে নিবন্ধিত সক্রিয় সিমের মোবাইল নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। (ব্যাংক হিসাবের ক্ষেত্রে যোগাযোগের জন্য একটি সক্রিয় মোবাইল নম্বর দিতে হবে); অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সময় আবশ্যিকভাবে সক্রিয় মোবাইল হিসেব নম্বর অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে;

ঘ) **প্রতিবন্ধী ভাতা**: প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সমাজসেবা অধিদপ্তরের **সুবর্ণ নাগরিক কার্ড** থাকতে হবে;

ঙ) পূর্বের আবেদনকারী: যারা পূর্বে অনলাইনে আবেদন করেছিলেন এবং বর্তমানে অপেক্ষমাণ তালিকায় আছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই। অনলাইনে নতুন আবেদন ও অপেক্ষমাণ তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট বাছাই-কমিটির মাধ্যমে নীতিমালা অনুযায়ী উপকারভোগী নির্বাচন করা হবে;

চ) **যোগ্যতা**: আবেদনকারী অন্য কোনো সরকারি নিয়মিত সুবিধা পেয়ে থাকলে এই ভাতার জন্য বিবেচিত হবেন না;

ছ) কার্যকরী তারিখ: চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬ তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন;

০৩। **সতর্কতা**: সরকারি ভাতা একটি বিনামূল্য সেবা অর্থাৎ ভাতা পেতে নাগরিকদের কোন ফিস দিতে হয়না। ফলে ভাতা গ্রহণের জন্য কোথাও আর্থিক লেনদেন যুক্ত হয়ে প্রতারিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার আহবান জানানো যাচ্ছে;

০৪। এমতাবস্থায়, **বর্ণিত সময় অনুসারে তাঁর ইউনিয়নে ভাতাগ্রহণেচ্ছু ব্যক্তিদের অনলাইনে আবেদনগ্রহণে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা ও যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।** নির্ধারিত সময়ের পরে চলতি অর্থবছরে ভাতাপ্রাপ্তির জন্য পুনরায় আবেদন গ্রহণ করা হবেনা। এছাড়া আবশ্যিকভাবে সতর্কতার সাথে সক্রিয় মোবাইল একাউন্ট যুক্ত সাপেক্ষে আবেদন করতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

Hasan
(মোঃ হাসান কিবরিয়া)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা
কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি

**সভাপতি**
**ভাতা বিতরণ সংক্রান্ত ইউনিয়ন কমিটি**
**ও**
**চেয়ারম্যান ..........................ইউনিয়ন পরিষদ**
**ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৩ ময়মনসিংহ -৮ (ঈশ্বরগঞ্জ);
২। পরিচালক (সামাজিক নিরাপত্তা) অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ;
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৬। প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ঈশ্বরগঞ্জ;
৭। সভাপতি/ সম্পাদক ..................... প্রেসক্লাব (সকল);
৮। নোটিশ বোর্ড/ সংরক্ষণ কপি;